

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শি.শি/তৃতীয় নিয়োগ চক্র/১০৫৮/২০১৯/ ৩৭৫

তারিখ: ২০ অক্টোবর ২০১৯।

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত ই-রেজিস্ট্রেশন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ৩য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগ সুপারিশকরণের কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের শূন্য পদ প্রদানের পূর্বশর্ত হলো প্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করা। সে লক্ষ্যে শিক্ষক নিয়োগ সংক্রান্ত কাজ সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পন্ন করার জন্য এবং এক্ষেত্রে কোন ধরনের ভুল-ভ্রান্তি এড়ানোর জন্য সংশ্লিষ্ট সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-রেজিস্ট্রেশন বিষয়টি বাধ্যতামূলক। উক্ত ই-রেজিস্ট্রেশন এবং পরবর্তীতে e-Requisition কার্যক্রম যাচাই করার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সে লক্ষ্যে সকল জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের প্রোফাইল পূরণ/Update করা প্রয়োজন। এনটিআরসিএ'র ওয়েব পোর্টালে সকল জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রোফাইল পূরণ এবং ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম আগামী ২৭ অক্টোবর ২০১৯ হতে ১১ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

* সকল জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর মোবাইলে SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID ও Password ব্যবহার করে এনটিআরসিএ'র ওয়েব পোর্টালে (<http://ngi.teletalk.com.bd>) লগ ইন করে নিজ নিজ প্রোফাইল পূরণ/Update করবেন;

* সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর উপজেলাধীন যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এখনও ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি, ঐ সকল প্রতিষ্ঠানের তথ্য উল্লিখিত ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করলে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে User ID ও Password প্রেরণ করা হবে। প্রতিষ্ঠান প্রধান তাঁর User ID ও Password ব্যবহার করে ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন। এছাড়া যে সকল প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/তথ্য হালনাগাদ করা প্রয়োজন, সে সকল প্রতিষ্ঠানও User ID ও Password ব্যবহার করে তথ্য হালনাগাদ করতে পারবেন।

০২। বিষয়টি অতীব জরুরি।

- (ক) জেলা শিক্ষা অফিসার (সকল)
(খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)


২০.১০.২০১৯
(মোঃ শাহীন আলম চৌধুরী)
উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৯।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

০১. মহাপরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর)।
০২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর)।
০৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান), প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।